বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং ১১

তারিখ : আষাঢ় ২১, ১৪২৯ / জুলাই ০৫, ২০২২

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

**বৈচিত্র্যকৃত পাটজাত পণ্য রপ্তানিতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান।**

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নম্বর ১১, তারিখ নভেম্বর ১৬, ১৯৯৮; এফই সার্কুলার নম্বর ১২, তারিখ এপ্রিল ০৭, ২০১৬ এবং এফই সার্কুলার নম্বর ৩৫, তারিখ সেপ্টেম্বর ২২, ২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারি সিদ্ধান্তক্রমে এ মর্মে জানানো যাচ্ছে যে, ফুড গ্রেড ব্যাগ/ক্লথ/ইয়ার্ন/টোয়াইন বৈচিত্র্যকৃত পাটজাত পণ্য (Diversified Jute Products) হিসেবে (হেসিয়ান, সেকিং, সিবিসি এবং ছয় কাউন্ট ও তদূর্ধ্ব পাট সুতা ব্যতীত) বিদ্যমান হারে রপ্তানি প্রণোদনা প্রাপ্য হবে। এক্ষেত্রে এফই সার্কুলার নম্বর ১২, তারিখ এপ্রিল ০৭, ২০১৬ এবং এফই সার্কুলার নম্বর ৩৫, তারিখ সেপ্টেম্বর ২২, ২০১৯ এর প্রথম অনুচ্ছেদে উল্লিখিত ছকের ৭নং ক্রমিকের নির্দেশনা অনুসারে বৈচিত্র্যকৃত পাটজাত পণ্য হিসেবে ন্যূনতম ৫০ ভাগ মূল্যমানের পাটের ব্যবহারের বিষয়টি নিশ্চিত করতে হবে।

০৩। অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় বা নিরীক্ষা ফার্মের নিকট অপেক্ষমান অনিষ্পন্ন আবেদনগুলোসহ এ সার্কুলার জারির তারিখ থেকে পরবর্তী সময়ে দাখিলযোগ্য আবেদনের ক্ষেত্রে আলোচ্য নির্দেশনা কার্যকর হবে।

০৪। পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা পরিশোধ সংশ্লিষ্ট সকল এফই সার্কুলার/ সার্কুলার পত্রের প্রযোজ্য অপরাপর নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকলপক্ষকে বিষয়টি অবহিত করার জন্য পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(কাজী রফিকুল হাসান)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩